

যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ১২৮১

১/ বিবিধ

আরবী

ما محق الإسلام محق الشح شيء
موضوع

أخرجه أبو يعلى في " مسنده " (2/882 - 883 - مخطوطة الهند " والطبراني في
" الأوسط " (487 - حرم) وتمام الرازي في " الفوائد " (ق 271/2) من طريق عمرو
ابن الحصين العقيلي: حدثنا علي بن أبي سارة عن ثابت عن أنس مرفوعا به
قلت: وهذا إسناد واه جدا، عمرو بن الحصين متروك اتفاقا، وقال الخطيب: كان
كذابا

وشيخه علي بن أبي سارة ضعيف

وقال المناوي في " فيض القدير " تعليقا على قول السيوطي: " رواه أبو يعلى عن أنس
" وضعفه المنذري، وقال الهيثمي: " فيه علي بن أبي سارة، وهو ضعيف "، وقال في
محل آخر: رواه أبو يعلى والطبراني، وفيه عمرو بن الحصين وهو مجمع على ضعفه
قلت: وقد وجدت له طريقا أخرى، ولكنها لا تزيد الحديث إلا وهنا، أخرجه الحجاج
بن يوسف بن قتيبة الأصبهاني في " نسخة الزبير بن عدي " (ق 2/1) من طريق بشر
بن الحسين: نا الزبير بن عدي عن أنس مرفوعا به

وهذا سند هالك، بشر هذا قال أبو حاتم: يكذب على الزبير

وقال ابن حبان: " يروي بشر بن الحسين عن الزبير نسخة موضوعة شبيها بمائة
وخمسين حديثا

বাংলা

১২৮১। কূপণতা যেরূপ ক্ষতি করেছে অন্য কোন কিছুই ইসলামের সেরূপ ক্ষতি করেনি।

হাদীসটি বানোয়াট।

হাদীসটি আবু ইয়ালা তার "মুসনাদ" গ্রন্থে (২/৮৮২-৮৮৩), ত্ববারানী "আল-আওসাত" গ্রন্থে (৪৮৭) ও তাম্মাম আর-রাযী "আল-ফাওয়াইদ" গ্রন্থে (কাফ ২/২৭১) আমর ইবনুল হুসায়েন ওকাযলী হতে, তিনি আলী ইবনু আবী সারাহ হতে, তিনি সাবেত হতে, তিনি আনাস (রাঃ) হতে মারফু হিসেবে বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছিঃ সকলের ঐকমত্যে আমর ইবনুল হুসায়েন মাতরুক। খাতীব বাগদাদী বলেনঃ তিনি মিথ্যুক ছিলেন। আর তার শাইখ আলী ইবনু আবী সারাহ দুর্বল।

মানবী "ফায়যুল কাদীর" গ্রন্থে বলেনঃ হাদীসটি আবু ইয়ালা আনাস (রাঃ) হতে বর্ণনা করেছেন। হাদীসটি মুনযেরী দুর্বল আখ্যা দিয়েছেন। হায়সামী বলেনঃ এর সনদে আলী ইবনু আবী সারাহ রয়েছেন তিনি দুর্বল। তিনি অন্যত্র বলেনঃ হাদীসটি আবু ইয়ালা এবং ত্ববারানী বর্ণনা করেছেন। এর সনদে আমর ইবনুল হুসায়েন রয়েছেন তিনি সকলের ঐকমত্যে দুর্বল।

আমি (আলবানী) বলছিঃ তার অন্য একটি সূত্র পেয়েছি, তবে তা হাদীসটির দুর্বলতাকেই বৃদ্ধি করেছে। সেটিকে হাজ্জাজ ইবনু ইউসুফ ইবনে কুতায়বাহ আসবাহানী "নুসখাতু যুবাযের ইবনু আদী" গ্রন্থে (কাফ ২/১) বিশর ইবনুল হুসায়েন সূত্রে যুবাযের ইবনু আদী হতে, তিনি আনাস (রাঃ) হতে মারফু হিসেবে বর্ণনা করেছেন।

কিন্তু এ সনদটি ধ্বংসপ্রাপ্ত। এ বিশর সম্পর্কে আবু হাতিম বলেনঃ তিনি যুবাযেরের উদ্ধৃতিতে মিথ্যা বলতেন।

ইবনু হিব্বান বলেনঃ বিশর ইবনুল হুসায়েন যুবাযেরের উদ্ধৃতিতে একটি বানোয়াট কপি বর্ণনা করেছেন। এর হাদীস সংখ্যা প্রায় একশত পঞ্চাশটি।

হাদিসের মান: জাল (Fake) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=72160>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন